

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

জেডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট
আনসারি ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯.১৫৫০


তারিখঃ ১০/১০/২০২২ খ্রি:

বিষয় : আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠিত “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির
জন্য প্রার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের
স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও উভয়ের অধীন দপ্তর/ সংস্থা/হাসপাতালে কর্মরত কর্মকর্তাদের জন্য ০৫ (পাঁচ)
কর্মদিবসব্যাপী “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে যাচ্ছে। স্বাস্থ্য বিধি মেনে সীমিত
পরিসরে আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠিত এ কোর্সটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সম্মেলনকক্ষে (কক্ষ নং ৪০৮, ৪র্থ তলা,
আনসারি ভবন, ১৪/২ তোপখানা রোড, ঢাকা) সকাল ৮ টা থেকে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/বাজেট সংশ্লিষ্ট ১ (এক) জন উপযুক্ত
কর্মকর্তাকে (উপসচিব পর্যায়ের উর্ধ্বে নয়) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। মনোনীত কর্মকর্তাগণের ই-মেইল
ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাঞ্চে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদেরকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk_6415@yahoo.com

সচিব

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

আগারগাঁ শেরে বাংলা নগর, ঢাকা

[দৃ: আ: অতিরিক্ত সচিব (প্রশাসন)]

অনুলিপি:

- ০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।